গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
হবিগঞ্জ
(নেজারত শাখা)

তারিখ: ২৩/১২/২০২০ খ্রিস্টাব্দ।

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৫.০১.০০১.২০- ৩৮০

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৮ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৫.১৬-২৬০ নম্বর স্মারকের ছাড় পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ খ্রিস্টাব্দ সনের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১	অফিস সহায়ক	(গ্রেড-২০) ৮২৫০-২০০১০/-	০৫(পাঁচ)টি	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;	জেলা প্রশাসকের কার্যালয়,হবিগঞ্জ ও তার অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সমুহ এবং হবিগঞ্জ সার্কিট হাউজ
০২	নিরাপত্তা প্রহরী	(গ্রেড-২০) ৮২৫০-২০০১০/-	২০(বিশ)টি	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) সুস্বাস্থের অধিকারী হতে হবে ;	
০৩	মালি	(গ্রেড-২০) ৮২৫০-২০০১০/-	০২(দুই)টি	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;	
০৪	পরিচ্ছন্নতাকর্মী	(গ্রেড-২০) ৮২৫০-২০০১০/-	০৮(আট)টি	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;	
০৫	বেয়ারার	(গ্রেড-২০) ৮২৫০-২০০১০/-	০১(এক)টি	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;	

শর্তাবলী :

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না ;

২। নির্ধারিত আবেদন ফরমটি হবিগঞ্জ জেলার ওয়েব সাইট অর্থাৎ www.habiganj.gov.bd লিংক-এ এবং জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর নেজারত শাখায় এবং হবিগঞ্জ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটারে টাইপ করে পূরণ করতে হবে এবং A4 অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। কম্পিউটারে পূরণকৃত ফরমের প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করে দাখিল করতে হবে ;

৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে ;

৪। আবেদন ফরমে নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে ;

৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে ;

৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মুল কপি প্রদর্শন করতে হবে;

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
(খ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(গ) আবেদনপত্রের নির্ধারিত স্থানে ১মশ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ৫X৫ সে:মি: আকারের ছবি;
(ঘ) পরীক্ষার ফি বাবদ প্রার্থীকে ১/০৭৪২/০০০০/২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা জমা দিয়ে চালানের মুল কপি সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ, ব্যাংক এবং শাখার নাম লিপিবদ্ধ করতে হবে ;
(ঙ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে দরখাস্তের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১৫/- (পনের) টাকার ডাকটিকেট লাগানো একটি ১০.৫''X ৪.৫'' সাইজের ফেরত খাম;

৬) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ১৯/০৬/২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তিবার্তা নম্বর : . ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর ৩। গেজেট নম্বর ও তারিখ : ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ : ৫। বামুস সনদের নম্বর ও তারিখ :(ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে)।	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ : ২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ : ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন /পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ:	

৭। ৩১।১২।২০২০ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরুপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে :

ক) পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল /সাময়িক সনদপত্র ;

গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;

ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র ;

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/ নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/ মাননীয় প্রধানমন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/ প্রত্যয়নপত্র দেখাতে হবে ;

চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র ; এবং

৯। আবেদনপত্র জেলা প্রশাসক, হবিগঞ্জ বরাবরে আগামী ২০/০১/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে এ অফিসে পৌছাতে হবে। সরাসরি এ অফিসে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য হবিগঞ্জ জেলার ওয়েবসাইট অর্থাৎ (www.habiganj.gov.bd) লিংক হতে জানা যাবে।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত, স্বাক্ষরবিহীন ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে ।

১২। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

১৩। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে ।

১৪। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

১৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে ।

১৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।
১৭। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বামপাশে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে ।
১৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না ।
১৯। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।
২০। আবেদনপত্রে প্রদত্ত যে কোনো তথ্য যে কোন পর্যায়ে ভুয়া/ মিথ্যা প্রমানিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোহাম্মদ কামরুল হাসান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ।
ফোন: ০৮৩১-৬২১০০
ফ্যাক্স: ০৮৩১-৬১২০৫
email: dchabiganj@mopa.gov.bd

তারিখ: ২৩।১২।২০২০ খ্রিস্টাব্দ।

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৫.০১.০০১.২০- ৬৮০/২(২০০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো :

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার .... (সকল)।
০৩। জেলা প্রশাসক .... (সকল)।
০৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
০৭। সিভিল সার্জন, হবিগঞ্জ।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।
০৯। উপজেলা নির্বাহী অফিসার.. (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। মেয়র, হবিগঞ্জ পৌরসভা/নবীগঞ্জ পৌরসভা/শায়েস্তাগঞ্জ পৌরসভা/চুনারুঘাট পৌরসভা/মাধবপুর পৌরসভা/আজমিরীগঞ্জ পৌরসভা।
১১। সহকারী কমিশনার (ভূমি), ... (সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর ওয়েব সাইটে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ।
১৪। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল, ঢাকা/ দৈনিক খোয়াই পত্রিকা, হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় স্বল্প পরিসরে কেবল মাত্র ০১(এক) দিন সকল সংস্করণে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত বিজ্ঞপ্তির ০৩ (তিন) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৫। অফিস কপি।

(মোহাম্মদ কামরুল হাসান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ।